

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯০

ধর্মনগর, ৬ জানুয়ারি, ২০২৪

১৫ জানুয়ারি থেকে প্রত্যেকরায়ে পৌষ মেলা

ধর্মনগরের প্রত্যেকরায়ে আগামী ১৫ জানুয়ারি থেকে ৫ দিনব্যাপী পৌষ মেলা অনুষ্ঠিত হবে। চলবে ১৯ জানুয়ারি পর্যন্ত। এই মেলাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কালাছড়া ব্লকের সভাকক্ষে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন বিধায়ক যাদবলাল নাথ। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য কাজল দাস, সদস্য গৌরমনি নম:, সদস্য দিলীপ বর্ধন, জেলার এডিএম সজল বিশ্বাস, কালাছড়া ব্লকের বিডিও অমিত চন্দ, বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, বিভিন্ন দপ্তরের আধিকারিক প্রমুখ। পঁাচদিন ব্যাপী মেলা সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সভায় বিভিন্ন আলোচনা হয়েছে। পঁাচদিন ব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। বিভিন্ন দপ্তরের উদ্যোগে মেলায় প্রদর্শনী স্টল খোলা হবে।
